গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শাজাহানপুর, বগুড়া
acl.shajahanpur.bogra.gov.bd

BOGURA | PUNDRA CIVILIZATION

ভূমি মন্ত্রণালয়

স্মারক নং-৩১.৫০.১০৮৫.০০০.০৪.০০৫.২৫.৪৪৮/১

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

**২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহাল ইজারার দরপত্র/আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি (অফলাইন-২য় পর্যায়):**

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী, ২০১২) মোতাবেক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহালসমূহ শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কেবল সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী স্থানে অবস্থিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতির অনুকূলে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ইজারা প্রদান পদ্ধতির আওতায় মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না গেলে জলমহালের পার্শ্ববর্তী সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিকে (বেকার যুবক/বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার/ভিডিপি/গ্রাম পুলিশ সদস্য/দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি এর সমন্বয়ে গঠিত সমিতি) উল্লিখিত ০৩ (তিন) বছর মেয়াদে ম্যানুয়াল পদ্ধতিতে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা কর্তৃক ১০ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪.১৮৮ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী, ২০১২) অনুযায়ী বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন সরকারি খাস (বদ্ধ) জলমহাল (২০ একর পর্যন্ত) ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ম্যানুয়াল পদ্ধতিতে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে আগ্রহী মৎস্যজীবী সমিতি/সংগঠন/নিবন্ধিত একক সমিতিকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। জলমহালসমূহের হালনাগাদ তালিকা এ কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব এর সিলমোহর সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে আবেদনকারী সমিতি/সংগঠনের নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র, বকেয়া নেই মর্মে প্রত্যয়ন পত্র, ব্যাংক একাউন্টের হিসাব বিবরণী ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং পূর্ববর্তী ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি/কাগজাদি বিধি মোতাবেক কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক দাখিল করতে হবে। তবে সদ্য প্রতিষ্ঠিত সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না। নিবন্ধিত সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকের জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বরসহ ফরমে উল্লিখিত অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

**ক্যালেন্ডার ও সময়সূচি:**

| ক্র.নং | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | আবেদন ফরম দাখিলের শেষ তারিখ | দাখিলকৃত আবেদন ফরম যাচাই-বাছাই এর তারিখ | আবেদন ফরম দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ২০/০৪/২০২৫ খ্রিস্টাব্দ | ২৪/০৪/২০২৫ খ্রিস্টাব্দ | ২৮/০৪/২০২৫ খ্রিস্টাব্দ | উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া। | ইজারা সংক্রান্ত পরবর্তী কার্যাবলি সংশ্লিষ্টদের যথাযথ প্রক্রিয়ায় জানানো হবে। |

**অন্যান্য শর্তাবলী:**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধিত নীতি, ২০১২) এর ইজারা সংক্রান্ত যাবতীয় শর্ত প্রযোজ্য।

২. নির্দিষ্ট যে জলমহালের আবেদন করা হবে, উক্ত জলমহাল ব্যতীত অন্য জলমহালের জন্য তা ব্যবহার করা যাবে না।

৩. জলমহাল ইজারা মেয়াদ ১৪৩২ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১৪৩২ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর বলে গণ্য হবে। এ সময়ের মধ্যে কোন কারনে যদি খাস কালেকশন করা হয়, তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

৪. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকে যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া, আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র , সংগঠন/সমিতির গঠনতন্ত্রের কপি, বকেয়া নেই মর্মে প্রত্যয়ন, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি এবং সাথে পূর্ববর্তী ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে সদ্য প্রতিষ্ঠিত সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৫. সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

৬. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% পে-অর্ডার ড্রাফট, জামানত হিসেবে আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবর সংযুক্ত করতে হবে। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারার অর্থের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। ইজারাপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ১ম বছরের সাকুল্য ইজারামূল্য এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে একসঙ্গে পরিশোধ করে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে। চুক্তিনামা সম্পাদন না হওয়া পর্যন্ত জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে না। ২য় বছরের ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ৩য় বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮. নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারামূল্য একসঙ্গে পরিশোধে ব্যর্থ হলে উক্ত ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে।

৯. সময়মত ইজারামূল্য পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের ইজারা বাতিল করা হলে উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদন পত্র জমা দিতে হবে। অন্যথায় ইজারা গ্রহণের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১. জলাশয়ের পাড়ে অবস্থিত কোন বৃক্ষ ইজারা গ্রহীতা কর্তন বা ক্ষতি করতে পারবে না। তিনি জলমহালের পাড়ে রক্ষিত বৃক্ষ নিজ দায়িত্বে

সংরক্ষণ করতে বাধ্য থাকবেন। ইজারা গ্রহীতা জলাশয়ের পাড়ে বৃক্ষরোপণ ও সংরক্ষণ করতে পারবেন তবে তিনি তা কর্তন করতে পারবেন না।

১২. জলাশয়ের পাড়সহ সীমানার ভিতরে কোন ইমারত তৈরি বা অন্য কোন অবকাঠামো নির্মাণ কাজ করতে পারবে না।

১৩. ইজারা গ্রহীতা জলাশয়ের জমির পরিসীমা বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন। জলমহালের শ্রেণি পরিবর্তন বা কোনরূপ ক্ষতিসাধন করতে পারবেন না। জলমহালে কেউ যাতে অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা লিজগ্রহীতা নিশ্চিত করবেন।

১৪. মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ এর সংশ্লিষ্ট বিধি বিধান মেনে চলতে হবে।

১৫. ইজারা গ্রহীতা এই জলমহাল অন্য কোন ব্যক্তি বা সমিতির নিকট সাব-লিজ প্রদান করতে পারবে না। সাব-লিজ প্রদান করা হলে ইজারা তৎক্ষণাৎ বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদাতা ইজারা বাতিল করতে পারবেন ও জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৩ (তিন) বছরে কোন জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৬. ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জলমহাল সংক্রান্ত জারিকৃত সরকারি নির্দেশ মেনে চলতে হবে। সরকারিভাবে উন্নয়ন প্রকল্প গৃহীত হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭. ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকারস্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৮. ইজারা মেয়াদ শেষ হলে মৎস্য সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৯. মৎস্যচাষের ক্ষতি না করে পরিমিত পর্যন্ত সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২০. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবী সমিতির সাথে কোন জঙ্গিবাদ সম্পৃক্ততা পাওয়া গেলে ইজারা বাতিল করে নতুনভাবে ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।

২১. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবী সমিতির সাথে পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা বা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

২২. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয়, সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবলমাত্র ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৩. সরকারি জলমহার ব্যবস্থাপনা নীতি,২০০৯ (সংশোধিত নীতি, ২০১২) এর কোন শর্ত বা ইজারাচুক্তির কোন শর্ত ইজারা গ্রহীতা ভঙ্গ করলে ইজারাদাতা ইজারা বাতিলপূর্বক অবিলম্বে জলমহালটি নতুনভাবে পুনরায় ইজারা/বন্দোবস্ত প্রদান করতে পারবেন।

২৪. কালেক্টর বা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সকল আদেশ নিষেধ যথাযথভাবে পালন করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবে।

২৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

২৬. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

২৭. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৮. ইজারা প্রদানের পর যদি কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান আছে মর্মে জানা যায়, তৎক্ষণাৎ উক্ত জলমহালের ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৭/০৪/২০২৫

(মোঃ তাইফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর, বগুড়া।
ফোনঃ০১৭৩৩-৩৩৫৪২৩
ই-মেইলঃ unoshajahanpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৫০.১০৮৫.০০০.০৪.০০৫.২৫.৪৪৮/১

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, বগুড়া
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া
৩। উপজেলা ..........................................কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
৪। অফিসার ইনচার্জ, শাজাহানপুর, বগুড়া
৫। সহকারী প্রোগামার, শাজাহানপুর, বগুড়া (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৬। চেয়ারম্যান ..........................................ইউনিয়ন পরিষদ (সকল), শাজাহানপুর, বগুড়া
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,(সকল)..........................................ইউনিয়ন ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮। নোটিশ বোর্ড
৯। অফিস কপি।

০৭/০৪/২০২৫

(জান্নাতুল নাইম)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর,বগুড়া।
মোবাইল: ০১৭৩৩-৩৩৫৪২৪
ইমেইল: aclandshajahanpur16@gmail.com

### ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) ইজারাযোগ্য জলমহালের তালিকা (২য়-পর্যায়):

| ক্র.নং. | ইউনিয়নের নাম | মৌজা | জলমহালের নাম | দাগ নং | আয়তন (একর) | গত বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বাংলা ১৪৩২ সনের ইজারা মূল্য (বার্ষিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আশেকপুর | চেঙ্গুইর/নন্দকুল | জলংগাড়ী | ২০৭৮/৮৯ | ১.৭৩ | ১৩২৩০ | ১৩৮৯২ | |
| ০২ | আশেকপুর | চেঙ্গুইর | কালদিঘী | ৮১ | ০.২৫ | ১২৭৮ | ১৩৪২ | |
| ০৩ | আশেকপুর | নন্দকুল | দূর্গাপুকুর | ৭৭২/৩৩৩ | ০.৬৩ | ১১০২৫ | ১১৫৭৭ | |
| ০৪ | আশেকপুর | নন্দকুল | পানতাপুকুর | ৫০২ | ০.১৬ | ১৩২৩ | ১৩৯০ | |
| ০৫ | আশেকপুর | নন্দকুল | পদ্মগাড়ী | ৯৪৫ | ০.৩৫ | ১২৪২ | ১৩০৫ | |
| ০৬ | আশেকপুর | নন্দকুল | কাঁঠালতলা | ৯৫৬ | ০.১৪ | ৯৫৩ | ১০০১ | |
| ০৭ | আশেকপুর | নন্দকুল | শানাগাড়ী | ১০২২ | ০.১৩ | ৯৯২ | ১০৪২ | |
| ০৮ | আশেকপুর | নন্দকুল | হিধমাগাড়ী | ৬৩৬ | ০.১৮ | ১৩৩১ | ১৩৯৮ | |
| ০৯ | আশেকপুর | নন্দকুল | কানাপুকুর | ৯৫০ | ০.৫২ | ৪৯৯০ | ৫২৪০ | |
| ১০ | আশেকপুর | নন্দকুল | দূর্গাপুকুর | ২৯৬ | ০.২৪ | ২০৭৩ | ২১৭৭ | |
| ১১ | আশেকপুর | সাবরুল | বোরোগাড়ী | ১০২৪ | ০.২৬ | ৯৩৬ | ৯৮৩ | |
| ১২ | আশেকপুর | সাবরুল | মরাগাড়ী | ৩৫১৮ | ০.৪১ | ১২৭৮ | ১৩৪২ | |
| ১৩ | আশেকপুর | চকজোড়া | চান্দগাড়ী | ১৫০১ | ০.৫৮ | ৩১৫৮ | ৩৩১৬ | |
| ১৪ | আশেকপুর | জোড়া | তালপুকুর | ১৯৫১ | ০.২৩ | ৮৬৭ | ৯১১ | |
| ১৫ | আশেকপুর | বয়রাদিঘী | খামার পুকুর | ২০১/৩৫১ | ০.৯০ | ২১৮৯ | ২২৯৯ | |
| ১৬ | আশেকপুর | নন্দকুল | নন্দকুল বিল | ২৬৮ | ০.২৪ | ২২০৫ | ২৩১৬ | |
| ১৭ | আশেকপুর | চেঙ্গুইর | চেঙ্গুইর বিল | ২৬১২ | ০.২৮ | ২৬২৫ | ২৭৫৭ | |
| ১৮ | মাদলা | হেলেঞ্চাপাড়া | তারতগাড়ী | ৫০৮ | ০.৩০ | ৪৪১০ | ৪৬৩১ | |
| ১৯ | মাদলা | হেলেঞ্চাপাড়া | ভেকুর বিল | ৮৮৯ | ০.৩৮ | ৫৫১৩ | ৫৭৮৯ | |
| ২০ | মাদলা | হেলেঞ্চাপাড়া | চেচকোর বিল | ০৭ | ০.৩৭ | ৫৫১৩ | ৫৭৮৯ | |
| ২১ | মাদলা | চাঁচাইতার | হ্যাড়াগাড়ী | ১৮১ | ০.১২ | ১৭৪২ | ১৮৩০ | |
| ২২ | মাদলা | নন্দগ্রাম | চম্পা পুকুর | ৫৬০/৭৪৫ | ০.৫৩ | ৬৮৭৮ | ৭২২২ | |
| ২৩ | মাদলা | শেরকোল | হণ্যির বিল | ১৮০৬ | ১.৩৩ | ৭৬০৪ | ৭৯৮৫ | |
| ২৪ | মাদলা | শেরকোল | হাসোগাড়ী বিল | ১৮৮৭ | ০.৮৪ | ৩৮৯৫ | ৪০৯০ | |
| ২৫ | মাদলা | শেরকোল | কুমরাদহ বিল | ১০৪৯ | ১.২৬ | ২৪৪৫ | ২৫৬৮ | |
| ২৬ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর | ১৮৯ | ০.১০ | ৩৮৩১ | ৪০২৩ | |
| ২৭ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর | ২২২ | ০.১১ | ৩৫৯৯ | ৩৭৭৯ | |
| ২৮ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর | ২৯৪ | ০.৩০ | ৮৮০ | ৯২৪ | |
| ২৯ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর | ১৪৭১ | ০.১৮ | ৮১৯ | ৮৬০ | |
| ৩০ | মাঝিড়া | ডোমনপুকুর | সরদার পাড়া | ৩৩৬৯ | ০.২৫ | ২৫৫১ | ২৬৭৯ | |
| ৩১ | খরনা | কুন্দদেছমা | সরকার পুকুর | ৪৩৬ | ০.৪৯ | ৮২৯৮ | ৮৭১৩ | |
| ৩২ | খরনা | কুন্দদেছমা | খাসপুকুর | ৩৫৭ | ০.৬৩ | ৯৯৭৫ | ১০৪৭৪ | |
| ৩৩ | খরনা | সাতকাউনিয়া | ভাতীগাড়ী | ২৬১ | ০.৪১ | ৭০২১ | ৭৩৭৩ | |
| ৩৪ | খরনা | দাড়িগাছা | দাড়িগাছা পুকুর | ৭৯৪ | ০.৩৫ | ৩৭৫১ | ৩৯৩৯ | |
| ৩৫ | খোট্টাপাড়া | মোস্তাইল | মোস্তাইল বিল | ১৩৩ | ০.৫২ | ১১৫৮ | ১২১৬ | |
| ৩৬ | খোট্টাপাড়া | জোকা | জোকা বিল | ১১৭ | ০.২৩ | ৪০৮০ | ৪২৮৪ | |
| ৩৭ | খোট্টাপাড়া | ঘাষিয়ারা | মুন্সিগাড়ী | ১৪০৮ | ০.১৯ | ৩৮৩১ | ৪০২৩ | |
| ৩৮ | খোট্টাপাড়া | খলিসাকান্দি | মধ্যপাড়া পুকুর | ৬৮৬ | ০.১৫ | ১৭৮৮ | ১৮৭৮ | |
| ৩৯ | খোট্টাপাড়া | জালশুকা | মাদ্রাসাপুকুর | ১০২৮,১০৩০ | ০.১২ | ৩০৩ | ৩১৯ | |
| ৪০ | খোট্টাপাড়া | বোহাইল | বোড়াগাড়ী | ৬৪৪ | ০.২৪ | ২৫৭৭ | ২৭০৬ | |
| ৪১ | চোপিনগর | শাহনগর | হরমাসুদ বিল | ১২৯৭ | ০.৪৭ | ১৮৫৫ | ১৯৪৮ | |
| ৪২ | চোপিনগর | বীরকুল্যা | নলডিক্রি বিল | ৫০৫ | ০.৪৫ | ২৭৫৭ | ২৮৯৫ | |
| ৪৩ | চোপিনগর | কামারপাড়া | নলুয়ার বিল | ১২৪৬ | ০.৩৪ | ২৬২৫ | ২৭৫৭ | |
| ৪৪ | আমরুল | নগরকান্দি | জাবরকান্দা | ২৪৮ | ০.৪১ | ৪৭২৫ | ৪৯৬২ | |
| ৪৫ | আমরুল | নগরকান্দি | জাবরকান্দা | ৮৩৮ | ০.৫০ | ৮৩০ | ৮৭২ | |
| ৪৬ | আমরুল | নগরকান্দি | জাবরকান্দা | ৪৪৮ | ১.১২ | ১২১৬ | ১২৭৭ | |
| ৪৭ | আমরুল | নগরকান্দি | সোন্দাই | ১৮১২ | ০.২৫ | ১৮১৭ | ১৯০৮ | |
| ৪৮ | আমরুল | নগরকান্দি | জাবরকান্দা | ৩৪৫৫ | ০.২৫ | ১২৭৭ | ১৩৪১ | |
| ৪৯ | আমরুল | নগরকান্দি | বেলতলা পুকুর | ৩৫৩৫ | ০.৯৩ | ১২৭৭ | ১৩৪১ | |
| ৫০ | আমরুল | নগরকান্দি | বাথনাচরা | ৩০৮০ | ১.৭৮ | ১২৭৮ | ১৩৪২ | |

| ক্র.নং. | ইউনিয়নের নাম | মৌজা | জলমহালের নাম | দাগ নং | আয়তন (একর) | গত বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বাংলা ১৪৩২ সনের ইজারা মূল্য(বার্ষিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫১ | আমরুল | নগরকান্দি | বাথনাচরা | ৩১২৮ | ০.৮৪ | ১২৭৮ | ১৩৪২ | |
| ৫২ | আমরুল | নগরকান্দি | বাথনাচরা | ৩০৯৯ | ১.৭৮ | ৩১৩৫ | ৩২৯২ | |
| ৫৩ | আমরুল | নগরকান্দি | মজাপুকুর | ৫৩২৯ | ২.৬০ | ৬৭৭৪ | ৭১১৩ | |
| ৫৪ | আমরুল | নগরকান্দি | ভূমধার | ৩০৫১ | ০.৭৬ | ১২৭৮ | ১৩৪২ | |
| ৫৫ | আমরুল | নগরকান্দি | নগরকান্দি | ৩০৫১ | ০.৪৩ | ১০২৫ | ১০৭৭ | |
| ৫৬ | আমরুল | নগরকান্দি | সাচ্চার বিল | ৬২৬১ | ০.৩৬ | ৭৫৬ | ৭৯৪ | |
| ৫৭ | আমরুল | নগরকান্দি | ভূমধার | ১০৭৮ | ১.২৯ | ২৬৮৪ | ২৮১৯ | |
| ৫৮ | আমরুল | নগরকান্দি | দিগদাড়িয়া | ৪৩২৩ | ০.৪৯ | ৮৫২ | ৮৯৫ | |
| ৫৯ | আমরুল | নগরকান্দি | নালীতোলা | ৫৩২৩ | ০.৪৯ | ৬৪০ | ৬৭২ | |
| ৬০ | আমরুল | নগরকান্দি | নালীতলা | ৮০৪৩ | ০.৩৬ | ৬৪০ | ৬৭২ | |
| ৬১ | আমরুল | নগরকান্দি | নগরকান্দি পুকুর | ৬১৩১ | ০.২৪ | ৭৬১ | ৮০০ | |
| ৬২ | আমরুল | নগরকান্দি | পাকুরতলা | ৫১৮ | ০.৪৯ | ৪৭৪৪ | ৪৯৮১ | |
| ৬৩ | আমরুল | নগরকান্দি | সাঘাটিয়া বিল | ১৩৩৪১ | ৪.১৯ | - | ৮৬৪০০ | |
| ৬৪ | আমরুল | পরানবাড়ীয়া | পরানবাড়ীয়া পুকুর | ৬০২ | ১.৭৬ | ৫৫৪৫৬ | ৫৮২২৯ | |
| ৬৫ | আমরুল | ফুলকোর্ট | খরকাজান | ৮০৮৪ | ০.৭৮ | ৫৫১৩ | ৫৭৮৯ | |
| ৬৬ | আমরুল | ফুলকোর্ট | ফুলকোর্ট ডোবা | ৮৯৮/১০৪১ | ০.৮২ | ১৬৫৯ | ১৭৪২ | |
| ৬৭ | আমরুল | ফুলকোর্ট | ফুলকোর্ট ডোবা | ১২৯১ | ০.৩৭ | ৬৪০ | ৬৭২ | |
| ৬৮ | আমরুল | ফুলকোর্ট | ফুলকোর্ট ডোবা | ১০৫ | ১.১৪ | ২৬৭০ | ২৮০৪ | |
| ৬৯ | আমরুল | ফুলকোর্ট | ফুলকোর্ট জলমহাল | ২০৮৪ | ২.৬২ | ৩০৩৩ | ৩১৮৫ | |
| ৭০ | আমরুল | শৈলধুকরী | ফেরাদহ | ৫৯৫ | ২.২৬ | ২২০৫ | ২৩১৬ | |
| ৭১ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারপাড়া পুকুর | ২২৭ | ০.৩২ | ২৮৩৪ | ২৯৭৬ | |
| ৭২ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারপাড়া পুকুর | ২০৭ | ০.১৬ | ৬৩৭৪ | ৬৬৯৩ | |
| ৭৩ | গোহাইল | পান্ডারপাড়া | ভেদা পুকুর | ২১৪ | ০.১৯ | ১২২০ | ১২৮১ | |
| ৭৪ | গোহাইল | পান্ডারপাড়া | খলসাগাড়ী | ২৩৪ | ০.৩২ | ৬৩৮৪ | ৬৭০৪ | |
| ৭৫ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারপাড়া পুকুর | ২৮২ | ০.০৭ | ৩৯৮ | ৪১৮ | |
| ৭৬ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারগাড়ী | ৩১৬/৩৩৭ | ০.০৪ | ৭৬৭ | ৮০৬ | |
| ৭৭ | গোহাইল | সাধরা | বহিয়া পুকুর | ৮৬৬ | ০.৫৫ | ২৪১১ | ২৫৩২ | |
| ৭৮ | গোহাইল | সাধরা | সতীপুকুর | ৩৪৬ | ০.২২ | ৭৬৭ | ৮০৬ | |
| ৭৯ | গোহাইল | সাধরা | দরগাতলা পুকুর | ৪৩৪ | ০.৩৯ | ২৬৭০ | ২৮০৪ | |
| ৮০ | গোহাইল | সাধরা | মওশল পুকুর | ৫১৭ | ০.২৭ | ৮৫২ | ৮৯৫ | |
| ৮১ | গোহাইল | পালাহার | মরাকুটু | ৭৬ | ০.৬৯ | ১৯১৬ | ২০১২ | |
| ৮২ | গোহাইল | পালাহার | কাইল কাতলা | ১৮০ | ০.৩৭ | ৮৯৫ | ৯৪০ | |
| ৮৩ | গোহাইল | পালাহার | উচুলগাড়ী | ৩৫২ | ০.১৭ | ৩৮৫ | ৪০৫ | |
| ৮৪ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৭১১ | ০.৫৬ | ১৩৪২ | ১৪১০ | |
| ৮৬ | গোহাইল | কাপাসুরী | বটতলা পুকুর | ৭৫২/১৩৯২ | ০.৬০ | ১৩১৪ | ১৩৮০ | |
| ৮৭ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৫৩৯ | ০.৬৬ | ১৩৪২ | ১৪১০ | |
| ৮৮ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৫০৪ | ০.১৪ | ৯৪০ | ৯৮৭ | |
| ৮৯ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৪৬২ | ০.১৫ | ৬৮০ | ৭১৪ | |
| ৯০ | গোহাইল | চেলো | চেলোগাড়ী | ৩৬৫ | ০.২২ | ৬৪০ | ৬৭২ | |
| ৯১ | গোহাইল | চেলো | চেলোগাড়ী | ১৯৮ | ০.২১ | ৯৪৩ | ৯৯১ | |
| ৯২ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৪১৫ | ০.১৫ | ৭৮৪ | ৮২৪ | |
| ৯৩ | গোহাইল | চেলো | টেংরাপুকুর | ৫৯৭ | ০.৫৩ | ১২৭৮ | ১৩৪২ | |
| ৯৪ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৭৬৬ | ০.৬৫ | ১৯৪৪ | ২০৪২ | |
| ৯৫ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৫৬৪ | ০.০৬ | ২৫৮ | ২৭১ | |
| ৯৬ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৮৮৮ | ০.২১ | ১৩৩২ | ১৩৯৯ | |
| ৯৭ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৬৩৮ | ০.০৬ | ২৫৮ | ২৭১ | |
| ৯৮ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৬৬৩ | ০.১২ | ৩৮৪ | ৪০৪ | |
| ৯৯ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৩৭৩ | ০.১১ | ৪১০ | ৪৩১ | |
| ১০০ | গোহাইল | রাতোল | কড়িপুকুর | ৪৬৭ | ০.২২ | ৬৪০ | ৬৭২ | |
| ১০১ | গোহাইল | রাতোল | কুমড়াগাড়া | ২৪১ | ০.৫২ | ৬৬৮ | ৭০২ | |
| ১০২ | গোহাইল | রাতোল | আতাগাড়া | ৪৯৭ | ০.৫১ | ১২৭৮ | ১৩৪২ | |
| ১০৩ | আড়িয়া | সোনাইদিঘী | কাশিয়ার পুকুর | ১৮৯/৬০৫ হাল-৬৩৪ | ১.১৩ | ৮০৪২ | ৮৪৪৫ | |
| ১০৪ | গোহাইল | সাধরা | নীলাবলি পুকুর | ৮৯ | ০.৭১ | ৫৪৩২ | ৫৭০৪ | ১৪১/১১ অন্য নং মামলা বিদামান |
| ১০৫ | গোহাইল | সাধরা | কালীবাড়ি | ৩৭০ | ১.২৩ | ১১২৩৮ | ১১৮০০ | ১৪১/১১ অন্য নং মামলা বিদামান |
| ১০৬ | আশেকপুর | জোড়া | পোড়াপুকুর | ৪১০৮ | ০.৯৪ | ৩১২৫ | ৩২৮২ | ১৮/১৫ অন্য আপিল মামলা চলমান |